Believe in children Barnardo's

# আপনার দেওয়া তথ্য ব্যবহারের অনুমতিদানের ফর্ম

বার্নাডোস (Barnardo's) থেকে আমরা অত্যাবশ্যকীয় সেবা প্রদান, প্রচারাভিযান, গবেষণা, ইত্যাদির মাধ্যমে সমগ্র ইউকের অসহায়তম বাচ্চাদেরকে সাহায্য-সহায়তা করি। আমাদেরকে সাহায্য করার জন্য আপনাকে ধন্যবাদ। এই ফর্ম সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন থাকে বা তা পূরণ করার নিয়ম সম্পর্কে জানতে চান, তাহলে দয়া করে বার্নাডোসে আপনার কন্টাক্ট এর সঙ্গে (যার সঙ্গে সাধারণত কথা বলেন), যেমন আপনার প্রোজেক্ট ওয়ার্কারের সঙ্গে বা মার্কেটিং টিমের কন্টাক্টের সঙ্গে যোগাযোগ করবেন। তারা আপনাকে সাহায্য করতে পারলে খুশি হবেন এবং তারা প্রশ্ন করার সুযোগ আপনাকে দেবেন।

আমাদের কাজকর্ম ও বিভিন্ন ধরনের সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা সহ, আমাদের কাজের ও অর্থ-সংগ্রহের জন্য আমরা বিভিন্ন ধরনের প্রচার-সামগ্রী তৈরি করে থাকি। আমরা আমাদের সেবা ও কাজ সম্পর্কে সত্যিকারের লোকদের অভিমত ও অভিজ্ঞতা সম্পর্কে জানতে চাই কারণ এর মাধ্যমে আমরা বুঝতে সক্ষম হই আমাদের কাজের মাধ্যমে আমরা কতটুকু পার্থক্য সৃষ্টি করতে সক্ষম হচ্ছি। এই ফর্ম পূরণ করে তাতে স্বাক্ষর করার মানে হবে, আপনার দেওয়া যে কোন তথ্য ব্যবহার করার অনুমতি আপনি আমাদেরকে প্রদান করবেন। আপনার দেওয়া সবকিছুকে সমষ্ঠিগত ভাবে বলা হয় "কন্ট্রিবিউশন"

আপনি কন্ট্রিবিউশন দেওয়ার পর আপনাকে একটি কার্ড দেওয়া হবে। কার্ডে বিস্তারিতভাবে লেখা থাকবে কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন, যদি আপনি আপনার কন্ট্রিবিউশনের কোন কিছু নিয়ে আলাপ করতে চান, বা আপনার সম্মতি উঠিয়ে নিতে চান (পরে কোনো সময় যদি তা চান)।

**কন্ট্রিবিউশন প্রদানকারী বাচ্চার/ যুবক যুবতীর/ প্রাপ্তবয়স্কের বিবরণ**

| | | | |
|---|---|---|---|
| সম্পূর্ণ নাম | | | |
| ঠিকানা | | | |
| | | পোস্ট কোড | |
| টেলিফোন | | | |
| ইমেইল | | | |

**আমার কনফিউশন কি কাজে ব্যবহার করা হবে?** (আপনার পছন্দেরটিতে টিক দিন)

**প্রেজেন্টেশন:** বার্নাডোসের কর্মচারী এবং বার্নাডোসের বাইরের লোকদের জন্য উপস্থাপনায় ☐

**ওয়েবসাইট:** বার্নাডোসের ওয়েবসাইটে এবং ইন্ট্রানেটে ( আমাদের কর্মচারীদের মধ্যে সীমাবদ্ধ ওয়েবসাইট) ☐

**সোশ্যাল মিডিয়া:** বার্নাডোসের সোশ্যাল মিডিয়ার পেইজগুলোতে এবং সোশ্যাল মিডিয়ার বিজ্ঞাপনে,যার মধ্যে থাকতে পারে বার্নাডোস পড কাস্ট,ফেইসবুক, টুইটার, লিন্কেডিন,ইনস্টাগ্রাম, পিন্টারেস্ট, ইউটিউব, ভিমিও এবং স্নাপচাট। ☐

**প্রচার সামগ্রী:** বার্নাডোসের প্রচারপত্র, রিপোর্ট, পোস্টার, নিউজলেটার এবং অন্যান্য বিজ্ঞাপন ও বিপণন সামগ্রী ☐

**মুদ্রণ ও অনলাইন সংবাদ মাধ্যম:** জাতীয় (সমগ্র ইউ.কে-র), আঞ্চলিক এবং স্থানীয় খবরের কাগজ, ম্যাগাজিন, এবং নিউজ সাইট। ☐

**টেলিভিশন ও রেডিও:** জাতীয় এবং আঞ্চলিক টেলিভিশন, জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় রেডিও। ☐

**ফান্ড-রাইজিং আবেদন:** অর্থ-সংগ্রহে যাতে সাহায্য হয় সেজন্য ফান্ডরাইজিংয়ের চিঠিপত্রে, ইমেইলে এবং সোশ্যাল মিডিয়া পোস্টে
**বার্নাডোসের কাজকর্ম** ☐

আপনি যে কন্ট্রিবিউশন প্রদান করবেন তা:

- সর্বাধিক তিন বছর রাখা ও ব্যবহার করা হবে, যদি আপনার অনুমতি উঠিয়ে না নেন।
- আপনার অনুমোদিত মাধ্যমগুলোতে বার্নাডোসের লক্ষ্য এবং উদ্দেশ্য প্রচার ও প্রসারের কাজে ব্যবহার করা হবে।
- সুরক্ষিত অবস্থায় রাখা হবে এবং আমাদের সাপ্লায়ার অথবা সহযোগী প্রতিষ্ঠানগুলোর কাছে তা প্রকাশ করা হবে যাদের সঙ্গে আমরা আমাদের সেবা সরবরাহ ও তা উন্নত করা নিয়ে কাজ করি এবং
- বার্নাডোসের পেশাদার ও সেবা প্রদানকারী টিমগুলো বা আমাদের ফান্ডরাইজারকে তা (সম্ভবত ব্যবহার করতে) দেওয়া হতে পারে

বার্নাডোসকে লিখিতভাবে জানিয়ে যে কোন সময় আপনার সম্মতি বদলাতে বা তা উঠিয়ে নিতে পারবেন। যখন আপনি আপনার কন্ট্রিবিউশন দেবেন তখন আপনাকে একটি কার্ড দেওয়া হবে। সে কার্ডে লেখা থাকবে কিভাবে আপনি আপনার সম্মতি উঠিয়ে নিতে পারবেন, যদি পরবর্তী কোন এক সময়ে তা উঠিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেন। তবে দয়া করে জেনে রাখুন যে, ইন্টারনেটে একবার আপনার কন্ট্রিবিউশন দেওয়া হয়ে গেলে তথ্য বন্টন, সংরক্ষণ এবং অথবা সরানোর সীমিত ক্ষমতা আমাদের থাকবে। এর মানে হলো ওই তথ্য আমরা ব্যাবহার করা বন্ধ করে দিলেও, তা ইন্টারনেটে থেকে যেতে পারে। তাছাড়া সোশ্যাল মিডিয়ায় কন্ট্রিবিউশন সম্পর্কে মন্তব্য আমরা নিয়ন্ত্রণ করতে পারবো না। আপনার সম্মতি দেওয়ার সময় দয়া করে এই বিষয়টি মনে রাখবেন।

**আমরা কখনোই আপনার কন্ট্রিবিউশন বিক্রি করব না বা তৃতীয় পক্ষকে প্রদান করব না, যদিনা বার্নাডোস আইন অনুযায়ী তা প্রকাশ করতে  বাধ্য থাকে অথবা কেউ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকিতে আছেন বলে আমরা মনে করি।**

আমরা যতবারই আপনার কন্ট্রিবিউশন ব্যবহার করতে যাব ততোবারই আপনার সঙ্গে যোগাযোগ করে জেনে নেব, আপনি তাতে রাজি আছেন কি না। আমরা আপনাকে বুঝিয়ে বলব, কিসে তা আমরা ব্যবহার করব। আপনার কন্ট্রিবিউশন যাতে সঠিক  থাকে এবং যথাযথ মনে হয়, তা নিশ্চিত করার জন্য আমরা তা করবো।

---

**আমি কি নাম গোপন রাখতে পারব?**
হ্যাঁ পারবেন। আপনার আসল নাম প্রকাশ করতে কিংবা তা গোপন রাখতে পারবেন (সেক্ষেত্রে আমরা একটি  নকল নাম ব্যবহার করব)। দয়া করে নিচের যে কোন একটিতে টিক দিন:

আমার আসল নাম ব্যবহার করতে আপত্তি নেই ☐   আমি আমার আসল নাম ব্যবহার করতে চাইনা ☐

পরিচয় প্রকাশক আর কোন কিছু কি আপনি গোপন রাখতে চান? *যেমন আপনি কোথায় আছেন বা আপনার কিংবা আপনার সন্তানদের বয়স।*

---

**অতিরিক্ত তথ্য**
এই প্রশ্নগুলো আপনাকে জিজ্ঞাসা করার কারণ হলো বার্নাডোসের সর্বত্র যাতে সব ধরনের মানুষের মিশ্রণ থাকে তা নিশ্চিত করা। দয়া করে খালি জায়গায় লিখুন অথবা ‘প্রকাশ করতে চাইনা’র পাশের খালি ঘরে টিক দিন। **এই তথ্য শুধুমাত্র আভ্যন্তরীণ কাজে ব্যবহারের জন্য।**

**বয়স** প্রকাশ করতে চাইনা ☐

**জাতিগত উৎস** প্রকাশ করতে চাইনা ☐

**লিঙ্গ** প্রকাশ করতে চাইনা ☐

---

**আমি আমার অনুমতি দিলাম।**
উপরে উল্লেখিত বিভিন্ন কাজে আপনার কন্ট্রিবিউশন ব্যবহার করার অনুমতির প্রমাণস্বরূপ দয়া করে নিচে স্বাক্ষর করুন। আপনার কন্ট্রিবিউশন এর সঙ্গে সম্পর্কযুক্ত তথ্য তিন বছরের বেশি ব্যবহার করা হবে না বা রাখা হবে না, যদি এর আগেই তা ব্যবহার করা বন্ধ করার নির্দেশ আপনি আমাদেরকে না দেন।

স্বাক্ষর ☐   তারিখ ☐

**আপনার বয়স 18 বছরের নিচে হলে মার/বাবার, অভিভাবকের বা দায়িত্বপ্রাপ্ত প্রাপ্তবয়স্কের লিখিত অনুমতি লাগবে।**

মার/বাবার/
অভিভাবকের স্বাক্ষর ☐   তারিখ:

দয়া করে আপনার পূরণকৃত ফর্মটি আপনার কেইসওয়ার্কারের কাছে বা বার্নাডোসে আপনার কন্টাক্টের কাছে পাঠিয়ে দিন। বিকল্প হিসেবে ইমেইলেও পাঠাতে পারেন:consentforms@barnardos.org.uk। আপনাকে ধন্যবাদ।

এই ফর্ম সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে দয়া করে আপনার কেইস ওয়ার্কারের সঙ্গে কিংবা বার্নাডোসে আপনার কন্টাক্টের সঙ্গে যোগাযোগ করবেন।

**তথ্য  সুরক্ষা:** বার্নাডোস আপনার সাহায্যকে মূল্য দেবে এবং আমরা আপনার ব্যক্তিগত তথ্য গোপন রাখার ক্ষেত্রে ওয়াদাবদ্ধ। আমরা জি ডি পি আর এবং ড্যাটা  প্রটেকশন অ্যাক্ট 2018 অনুসারে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করি। আপনার অনুমতি ছাড়া আপনার ব্যক্তিগত তথ্য আমরা প্রকাশ করব না বা কাউকে দেবো না,  যদি আইন অনুযায়ী তা প্রকাশ করতে আমরা বাধ্য না হই অথবা যদি কেউ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকিতে আছেন বলে আমরা মনে করি। আমাদের পরিপূর্ণ প্রাইভেসি নোটিস এই ওয়েবসাইটে পাবেন: www.barnardos.org.uk/privacy-notice